গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
ঝড় সতর্কীকরণ কেন্দ্র
ই-২৪, আগারগাঁও, ঢাকা-১২০৭।

ফোন : ৪১০২৫৭৩০, ৪১০২৫৭৩১
ফ্যাক্স : ৪১০২৫৭২৭, ৪১০২৫৭২৮
ই-মেইল : info@bmd.gov.bd
swc@bmd.gov.bd
ওয়েব সাইট: www.bmd.gov.bd


## আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তি, ক্রমিক নম্বর-১০ (দশ), তারিখ: ২৪.১০.২০২৩ খ্রিঃ

উত্তরপশ্চিম বঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত প্রবল ঘূর্ণিঝড় 'হামুন' (HAMOON) উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে বর্তমানে একই এলাকায় (১৯.৭° উত্তর অক্ষাংশ এবং ৮৮.৭° পূর্ব দ্রাঘিমাংশ) অবস্থান করছে। এটি আজ (২৪ অক্টোবর ২০২৩) সকাল ০৯ টায় চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ৪৪৫ কি.মি. পশ্চিম-দক্ষিণপশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ৪১০ কি.মি. পশ্চিম-দক্ষিণপশ্চিমে, মোংলা সমুদ্রবন্দর থেকে ৩২৫ কি.মি. দক্ষিণপশ্চিমে এবং পায়রা সমুদ্রবন্দর থেকে ৩১০ কি.মি. দক্ষিণপশ্চিমে অবস্থান করছিল। এটি আরো উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে আগামীকাল (২৫ অক্টোবর ২০২৩) সকাল থেকে দুপুর নাগাদ ভোলার নিকট দিয়ে বরিশাল-চট্টগ্রাম উপকূল ঘূর্ণিঝড় হিসেবে অতিক্রম করতে পারে।

প্রবল ঘূর্ণিঝড় কেন্দ্রের ৬৪ কি.মি. এর মধ্যে বাতাসের একটানা সর্বোচ্চ গতিবেগ ঘণ্টায় ৯০কি.মি., যা দমকা অথবা ঝড়ো হাওয়ার আকারে ১১০ কি.মি. পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। প্রবল ঘূর্ণিঝড় কেন্দ্রের নিকটে সাগর বিক্ষুব্ধ রয়েছে।

পায়রা ও চট্টগ্রাম সমুদ্রবন্দরসমূহকে ০৪ (চার) নম্বর স্থানীয় হুঁশিয়ারী সংকেত নামিয়ে তার পরিবর্তে ০৭ (সাত) নম্বর বিপদ সংকেত (পুন:) ০৭ (সাত) নম্বর বিপদ সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।

কক্সবাজার সমুদ্রবন্দরকে ০৪ (চার) নম্বর স্থানীয় হুঁশিয়ারী সংকেত নামিয়ে তার পরিবর্তে ০৬ (ছয়) নম্বর বিপদ সংকেত (পুন:) ০৬ (ছয়) নম্বর বিপদ সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।

মোংলা সমুদ্রবন্দরকে ০৪ (চার) নম্বর স্থানীয় হুঁশিয়ারী সংকেত নামিয়ে তার পরিবর্তে ০৫ (পাঁচ) নম্বর বিপদ সংকেত (পুন:) ০৫ (পাঁচ) নম্বর বিপদ সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।

উপকূলীয় জেলা পটুয়াখালী, ভোলা, বরিশাল, পিরোজপুর, ঝালকাঠি, বরগুনা, চট্টগ্রাম, ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, চাঁদপুর, ভোলা এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহ ০৭ (সাত) নম্বর বিপদ সংকেতের আওতায় থাকবে।

ঘূর্ণিঝড়টির অগ্রবর্তী অংশের প্রভাবে উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকায় দমকা/ঝড়ো হাওয়াসহ ভারি (৪৪-৮৮.মি.মি.) থেকে অতিভারি (≥ ৮৯ মি.মি.) বর্ষণ অব্যাহত থাকতে পারে।

প্রবল ঘূর্ণিঝড়ের প্রভাবে উপকূলীয় জেলা চট্টগ্রাম, কক্সবাজার, নোয়াখালী, লক্ষীপুর, ফেনী, চাঁদপুর, বরগুনা, পটুয়াখালী, ভোলা, বরিশাল, পিরোজপুর, ঝালকাঠি, বাগেরহাট, খুলনা, সাতক্ষীরা এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহের নিম্নাঞ্চল স্বাভাবিক জোয়ারের চেয়ে ৩-৫ ফুট অধিক উচ্চতার বায়ু তাড়িত জলোচ্ছ্বাসে প্লাবিত হতে পারে।

প্রবল ঘূর্ণিঝড়টির প্রভাবে ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগে ভারী (৪৪-৮৮ মিমি) থেকে অতি ভারী (≥৮৯ মিমি) বর্ষণ হতে পারে। অতি ভারী বর্ষণের প্রভাবে কক্সবাজার, বান্দরবান, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও চট্টগ্রামের পাহাড়ী অঞ্চলের কোথাও কোথাও ভূমি ধ্বস হতে পারে।

উত্তর বঙ্গোপসাগর ও গভীর সাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত নিরাপদ আশ্রয়ে থাকতে বলা হয়েছে।

২৪/১০/২০২৩
(খোঃ হাফিজুর রহমান)
আবহাওয়াবিদ
পরিচালকের পক্ষে
২৪, ০৯৩০ বিএসটি

প্রাপক,
১. মাননীয় প্রতিমন্ত্রী, দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্স: ৯৫৪৫৪০৫, ২. মন্ত্রী পরিষদ সচিব, ফ্যাক্স: ৯৫৬৬৫৫৯,
৩. মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়,ফ্যাক্স: ৯১৪৩৩৭৭,
৪. সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ফ্যাক্স: ৫৮১৫২৫৩০,
৫. আইজিপি, বাংলাদেশ পুলিশ, ফ্যাক্স: ৯৫৬৩৩৬২
৬. সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়,ফ্যাক্স: ৮১২৮৭৯৯, ৭. সচিব, কৃষি মন্ত্রণালয়, ফ্যাক্স: ৮১২৮৭৯৯
৮. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্স: ৯৫৬৬৫৫৯/৯৫৪৫৪০৫, ৯. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ফ্যাক্স: ৯৫৭৬৭৭৩
১০. যুগ্ম সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ফ্যাক্স: ৯১১০৫৩৫, ১১. এসএসএফ, ফ্যাক্স: ৮১১১৩৫১/৯১১৩৬৫১, ১২. সিপিপি, ফ্যাক্স:৯৩৩৮৪০১
১৩. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ফ্যাক্স:৮৭৫৪২৭০,৯৮৮৫৬৩৩, ১৪. নৌ সদর দপ্তর, ফ্যাক্স: ৮৭৫৪২৭০,৯৮৮৫৬৩৩
১৫. নৌপরিবহন মন্ত্রণালয়, ফ্যাক্স:৯৬৬০৩১১,৯৫৬২০০৭, ১৬. জাতীয় দুর্যোগ সাড়াদান কেন্দ্র(এনডিআরসিসি), ফ্যাক্স: ৯৫৪৯১৪৮, ৯৫৪০৫৬৭
১৭. বাংলাদেশ অভ্যন্তীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ(বিআইডব্লিউটিএ),ফ্যাক্স:৯৫৫৭৩৮৬, ১৮. বাংলাদেশ টেলিভিশন(বিটিবি), ফ্যাক্স: ৮৩১২৯২৭
১৯. বাংলাদেশ বেতার, ফ্যাক্স: ৮১১৭৮৫০, ২০. বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র(এফএফডব্লিউসি),ফ্যাক্স: ৯৫৫৭৩৮৬,
২১. ইউএনবি, ফ্যাক্স:৯৩৪৪৫৫৬, ২২. বাংলাদেশ সংবাদ সংস্থা(বাসস), ফ্যাক্স: ৯৫৫৭৯২৯, ৯৫৫১০৫২,
২৩. প্রধান আবহাওয়া কার্যালয়, চট্টগ্রাম, ফ্যাক্স:০২-৩৩৩৩০০৯৬২, ২৪. সিডিএমপি, ফ্যাক্স: ৯৮৯০৮৫৪, ২৫. কোস্টগার্ড, ফ্যাক্স:৯১৪০০৯২,
২৬. বন্দর কর্তৃপক্ষ, মংলা,ফ্যাক্স: ০৪৬৬২-৭৫২২৪ ২৭. বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম, ফ্যাক্স: ৭১০৫৯৩, ২৮. বাংলাদেশ সংবাদ সংস্থা: ৯৫৫৭৯২৯, ৯৫৫১০৫২
২৯. প্রধান মন্ত্রীর কর্যালয়ের সশস্ত্র বাহিনী বিভাগ(এএফডি),ফ্যাক্স: ৪৮৫৪৩৯৯,৮১১৫৯০০,৮৮২৩২৩৩ ৩০. বাংলাদেশ সেনা বাহিনী, ফ্যাক্স: ৮৭৫৪৪৫৫,
৩১. বাংলাদেশ বিমান বাহিনী, ফ্যাক্স: ৮৭৫১৯৩১, ৩২. রয়টারস, ফ্যাক্স: ৮৩১২৯৭৬
৩৩. বাংলাদেশ অভ্যন্তীন নৌ-পরিবহন করপোরেশন(বিআইডব্লিউটিসি),ফ্যাক্স:৯৫৬৩৬৫৩, ৩৪. এটিএন,ফ্যাক্স: ৮১১১৮৭৬/৯১৩৯৮৮৩
৩৫. ইউএসিএইচসিআর, ফ্যাক্স: ৮৮২৬৫৫৭, ৩৬. স্পারসো,ফ্যাক্স:৮১১৩০৮০, ৩৭. ইউএনডিপি, ফ্যাক্স: ৮১২৩১৯৬, ৩৮. চ্যানেলআই, ফ্যাক্স: ৯৩৪৩৬৭৪,
৩৯. আরটিভি,ফ্যাক্স: ৯১৩০৮৭৯-৮০, ৪০. বন্দর কর্তৃপক্ষ, পায়রা,ফ্যাক্স: ০৩১-২৫১০৮৮৯, ৪১. জেলা প্রশাসক, কক্সবাজার,ফ্যাক্স:০৩৪১-৬৩২৬৩,
৪২. সময় টিভি, ফ্যাক্স: ৯৬৭০০৫৭, ৪৩. ইন্ডিপেন্ডেন্ট টিভি,ফ্যাক্স: ৮৮৭৯০০১-২, ৪৪. একুশে টিভি, ফ্যাক্স: ৮১৮৯৯০৫-৬, ৪৫. জাইকা বাংলাদেশ, ফ্যাক্স:৯৮৯১৬৮৯, ৪৬. সকল জেলা প্রশাসক